388/CR/2021 বর্তমান ১৯/০৪/২০২১

তরুণীর রহস্যমৃত্যুতে পুলিসের নিষ্ক্রিয়তার প্রতিবাদে অবরোধ

নিজস্ব প্রতিনিধি, হাওড়া: শনিবার হাওড়ার নাজিরগঞ্জের পোদরা এলাকায় একটি পুকুর থেকে স্থানীয় বাসিন্দা এক কলেজ ছাত্রীর মৃতদেহ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। গত ৫ জানুয়ারি থেকে নিখোঁজ ছিলেন রুকসার খাতুন (২২) নামের ওই তরুণী। নাজিরগঞ্জ পুলিস ফাঁড়িতে নিখোঁজ ডায়েরি করেছিল তাঁর পরিবার। এলাকার বাসিন্দাদের বক্তব্য, অভিযোগ দায়ের হওয়ার পর পুলিস সক্রিয়তা দেখালে অকালে মৃত্যু হতো না এই তরুণীর। দেহটি উদ্ধারের পর এলাকার মানুষের অভিযোগ, মেয়েটিকে খুন করা হয়েছে। পুলিস অভিযুক্তদের ধরতে গড়িমসি করছে। এই অভিযোগে পোদরা এলাকার বেশ কয়েকজন বাসিন্দা সোমবার আন্দুল রোড অবরোধ করেন। এলাকায় তীব্র উত্তেজনা ছড়ায়। পুলিস পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে র‍্যাফ নামাতে বাধ্য হয়। পুলিসি হস্তক্ষেপে অবরোধ উঠে গেলেও এলাকায় যথেষ্ট উত্তেজনা রয়েছে।

নাজিরগঞ্জ

শনিবার অর্থাৎ যেদিন ওই ছাত্রীর দেহ স্থানীয় পীরের পুকুর থেকে উদ্ধার হয়, সেদিন সন্ধ্যায় নাজিরগঞ্জ পুলিস ফাঁড়ির সামনে সত্যেন বোস রোড অবরোধ করে বিক্ষোভ দেখিয়েছিলেন এলাকার কয়েকশো মানুষ। পুলিস তদন্তের আশ্বাস দিলে সেদিন অবরোধ তুলে নেন তাঁরা। কিন্তু ৪৮ ঘণ্টা বাদেও অপরাধীরা অধরা থাকায় পুলিসি নিষ্ক্রিয়তার প্রতিবাদে এদিন সকাল থেকে হাওড়ার অন্যতম ব্যস্ত আন্দুল রোড অবরোধ করেন তাঁরা। বিক্ষোভে অংশ নেওয়া স্থানীয় বাসিন্দা আরমান আলি বলেন, এলাকার একটি মেয়ে খুন হয়ে গেল। ৫ই জানুয়ারি থেকে তিনি নিখোঁজ। পুলিসের কাছে অভিযোগ জানালেও নিখোঁজ তরুণীকে খুঁজে বের করার চেষ্টাই করেনি তারা। এ নিয়ে হাওড়া সিটি পুলিসের একাধিক কর্তাকে ফোন করা হলেও তাঁরা কোনও মন্তব্য করতে চাননি। পুলিস সূত্রে জানা গিয়েছে, ময়নাতদন্তের প্রাথমিক রিপোর্ট এসেছে। তাতে জলে ডুবেই রুকসারের মৃত্যু হয়েছে বলে জানানো হয়েছে। তবে এই যুক্তি মানতে রাজি নয় স্থানীয় মানুষ। ইতিমধ্যে পুলিস এই ঘটনায় এলাকার বেশ কয়েকজনকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করেছে। তবে কাউকে সোমবার রাত পর্যন্ত গ্রেপ্তার করা যায়নি। আন্দুল রোডে এমনিতেই গাড়ির চাপ বেশি। তার উপর অবরোধ হওয়ায় বহু যাত্রীকে পথেই কয়েক ঘণ্টা আটকে থাকতে হয়। • *চলছে অবরোধ। -নিজস্ব চিত্র*

সুন্দরবন ভ্রমণে বোট ও লঞ্চ চলাচলে বিধি চালু, অমান্য করলে কড়া শাস্তি

নিজস্ব প্রতিনিধি, দক্ষিণ ২৪ পরগনা: সুন্দরবন ভ্রমণে বোট, লঞ্চ চলাচলের উপর কড়া বিধি লাগু করার সিদ্ধান্ত নিল দক্ষিণ ২৪ পরগনা আঞ্চলিক বনবিভাগ। অগ্নিনির্বাপক ব্যবস্থা না থাকলে, বা নৌকায় যদি প্লাস্টিক জাতীয় কিছু থাকে, অথবা সাউন্ড বক্স-ডিজে ব্যবহার করা হয়, তাহলে ম্যানগ্রোভ অরণ্যের নদীতে ভ্রমণ করার অনুমতি দেওয়া হবে না। সোমবার দক্ষিণ ২৪ পরগনার আঞ্চলিক বনকর্তার অফিস থেকে জারি করা এক নির্দেশিকায় একথা জানিয়ে দেওয়া হয়েছে। এই নিয়ম মানা না হলে কঠোর পদক্ষেপ করা হবে বলেও হুঁশিয়ারি দেওয়া হয়েছে। একইরকম বিধিনিষেধ সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের পক্ষেও জারি করা হবে বলে জানা গিয়েছে। সম্প্রতি পর্যটকদের নৌকায় অগ্নিকাণ্ডের দু'টি পৃথক ঘটনা ঘটে। কোনও ক্ষেত্রেই অগ্নিনির্বাপক ব্যবস্থা ছিল না। এমন ঘটনা এড়াতেই এই কড়া পদক্ষেপ নেওয়া হল বলে মনে করা হচ্ছে।

দক্ষিণ ২৪ পরগনা আঞ্চলিক বনবিভাগের এলাকা ঝড়খালি থেকে নামখানা পর্যন্ত বিস্তৃত। আরেকটি দিকে রয়েছে সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের এলাকা। গত কয়েক সপ্তাহের মধ্যে যে দু'টি অগ্নিকাণ্ড ঘটেছে, তা এই আঞ্চলিক বিভাগের এলাকার মধ্যে অবস্থিত। তারপর থেকেই দাবি ওঠে, পর্যটকদের বোট বা লঞ্চে রান্না করা যাবে না। এ নিয়ে বিভিন্ন মহলের মধ্যে বৈঠকও হয়। আরও একটি বিষয় হল, পর্যটকদের আনাগোনা বাড়তেই নদীতে প্লাস্টিক দূষণও বেড়ে গিয়েছে। তা রোধ করার জন্যও বাড়তি পদক্ষেপ করা হচ্ছে। ডিএফও মিলন মণ্ডল বলেন, নামখানা থেকে বহু পর্যটক এদিকে আসছেন। পরিদর্শনের সময় দেখা যাচ্ছে, অনেকেই প্লাস্টিক ব্যবহার করে নদীতে ফেলে দিচ্ছেন। এতে দূষণ ছড়াচ্ছে। এটি বন্ধ করার জন্য পদক্ষেপ করা দরকার ছিল। যে তিনটি বিধি লাগু করা হয়েছে, সেসব মেনে নদী ভ্রমণ করার জন্য আগাম অনুমতি নিতে হবে বোট মালিকদের। সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের অধিকর্তা তাপস দাসের বক্তব্য, এই নিয়ম গোটা সুন্দরবনের জন্য লাগু হবে। সেক্ষেত্রে আমাদের এলাকাতেও যাতে এসব মানা হয়, তার জন্য একটি নির্দেশিকা জারি করা হবে।

নিয়ম লঙ্ঘনের ক্ষেত্রে জরিমানা করা হবে বলে ঠিক হয়েছে। সেক্ষেত্রে বনবিভাগের কর্তারা বড়সড় টাকা জরিমানা করতে পারেন বলেই জানা গিয়েছে। এই বিধি মানার দায়িত্ব পর্যটকদেরও। তাঁরা যদি লুকিয়ে প্লাস্টিক আনেন এবং বনবিভাগের আধিকারিকরা ধরতে পারেন, তাহলে তাঁদেরও জরিমানার কবলে পড়তে হতে পারে। বোট মালিকদের সর্বোচ্চ শাস্তি হিসেবে বোটের লাইসেন্স বাতিল করা হতে পারে। এ নিয়ে বিভিন্ন জায়গায় প্রচার করা হবে বলে জানিয়েছেন মিলনবাবু। প্রত্যেকেই যাতে এ নিয়ে অবহিত হতে পারেন, তার জন্য ব্যানার-পোস্টার সহকারেও প্রচার হবে।

একনজরে বিধি-নিষেধ

- সুন্দরবন ভ্রমণের বোট, লঞ্চে অগ্নিনির্বাপক ব্যবস্থা অবশ্যই থাকতে হবে।
- নৌকায় প্লাস্টিক বা প্লাস্টিকজাত কোনও দ্রব্য রাখা যাবে না।
- সাউন্ড বক্স বা ডিজে একেবারেই ব্যবহার করা যাবে না।

> যে তিনটি বিধি লাগু করা হয়েছে, সেসব মেনে নদী ভ্রমণ করার জন্য আগাম অনুমতি নিতে হবে বোট মালিকদের।
> **মিলন মণ্ডল, *ডিএফও***

তৃণমূলে... চার পুলি...

সংবাদদাতা, বারুইপুর: নির্বাচনের অ... দুই গোষ্ঠীর সংঘর্ষে উত্তপ্ত হল ক্যা... পাশাপাশি চলল গুলি। এই ঘটনায় ... সাতজন জখম হয়েছেন। তাঁদের ... কয়েকজনের শরীরে গুলির আঘাত র... গিয়েছে। গোলমাল থামাতে গেলে ... পুলিসও। একজন এসআই সহ মোট ... হয়েছেন। সোমবার ক্যানিংয়ের ইটখো... গোলাবাড়ি এলাকায় এই ঘটনা ঘটেছে। উত্তেজনা ছিল ওই এলাকায়। সংঘর্ষে ... শুনশান হয়ে যায় গোটা এলাকা। ... চালিয়ে আটজনকে গ্রেপ্তার কর... বেশিরভাগই মাদার সংগঠনের। এছাড়া ... দু'টি আগ্নেয়াস্ত্রও।

স্থানীয় সূত্রে খবর, রবিবার ক্যানি... সভাকে ঘিরে মাদার-যুব সংগঠনের ... মধ্যে একপ্রস্থ ঝামেলা হয়। ... গোলমালের সূত্রপাত। এদিন যুব ... দেবপ্রসাদ মাঝিকে মারধর করার অভি... দলের কর্মী সিরাজুল মোল্লার বি... পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে। ইটখো... উপপ্রধান খাতিব সর্দারের নেতৃত্বে হাম... করেন যুব সংগঠনের নেতা ইন্দ্রজিৎ স... অনুগামীদের মধ্যে লেগে যায় সংঘর্ষ। ... পার্টি অফিস ব্যাপক ভাঙচুর করা হয় ...


Dr. Juneja's
EY
Ma
Ayurvedic E

211/25/1/2021 07/WBHRC/SMC/2021

W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. /25/ /2020

Date: 19. 01. 2021.

Enclosed is the news clippings appeared in the ' Bartaman', a Bengali daily dated 19.01.2021, the news item is captioned ' তরুণীর রহস্যমৃত্যুতে পুলিসের নিষ্ক্রিয়তার প্রতিবাদে অবরোধ'।

Commissioner of Police, Howrah is directed to enquire into the matter and to submit a report to the Commission by 26th February, 2021.

(Justice Girish Chandra Gupta)
Chairperson

19/1/2021
(Naparajit Mukherjee)
Member

Encl: News Item Dt. 19.01.2021

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and upload in the website.

A.S.(C) is directed to do the needful immediately,
19.01.2021

SDB